

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯
ইউনিট-৩ (বাণিজ্য শাখা)


ইউনিট-৩ (বাণিজ্য শাখা), মোট আসন সংখ্যা ৬৪৯ এর বিপরীতে প্রথম মেধা তালিকায় ২০০৩ জন পরীক্ষার্থীর নাম প্রকাশ করা হল।

একজন ভর্তিচ্ছু পরীক্ষার্থীকে যা করতে হবে :

- প্রথমেই বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (<http://admissionjnu.info/>) এ প্রয়োজনীয় তথ্য (ভর্তি পরীক্ষার রোল, HSC-এর রোল এবং SSC-এর রোল) প্রদান করে প্রথম মেধা তালিকায় আপনার নাম/রোল নম্বর আছে কিনা দেখে নিন।

মেধা তালিকায় আপনার নাম/রোল নম্বর থাকলে আপনাকে যা করতে হবে :

- আপনি এখন বিষয় পছন্দ (Subject Choice) করার সুযোগ পাবেন। মেধা তালিকায় স্থান এবং বিষয় পছন্দ (Subject Choice) করার সুযোগ পাওয়া কোন অবস্থাতেই আপনার ভর্তি নিশ্চিত করে না। কারণ, মোট আসন সংখ্যা অনুযায়ী সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- পরীক্ষার্থীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ করতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। কারণ ভর্তির পরও শিক্ষার্থীর অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (Auto Migration) ঘটবে এবং শিক্ষার্থীকে সেটা মেনে নিতে হবে। পরবর্তী সময়ে পরীক্ষার্থীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয়ক্রম সাজাতে হবে।
- বিষয় পছন্দ করার সময় সূচি: ২৪-১০-২০১৮ তারিখ দুপুর ১২:০০ টা হতে ০৩-১১-২০১৮ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।
- নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় পছন্দ (Subject Choice) করতে না পারলে কোন বিষয়ে ভর্তির জন্য বিবেচনার কোন সুযোগ থাকবে না।
- মেধা তালিকায় কোন পরীক্ষার্থীর নাম/রোল না থাকলে পরবর্তী তালিকার জন্য অপেক্ষা করতে হবে।



অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর
ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ
ও সমন্বয়কারী, ইউনিট-৩ ভর্তি কমিটি ২০১৮-১৯
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।